



উত্তরা ইপিজেড মেডিকেল সেন্টার ট্রাস্টি বোর্ড

উত্তরা রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা

সংগলশী, নীলফামারী



সূত্র নং-০৩.০৬.৭৩৬৪.৩৩৫.০৭.০৩০.২৫-৮০৩

তারিখ: ২১-০৫-২০২৬

নিয়োগ বিজ্ঞপ্তি

উত্তরা ইপিজেড মেডিকেল সেন্টার ট্রাস্টি বোর্ড, উত্তরা ইপিজেড, নীলফামারী এর অধীনে নিম্নবর্ণিত পদসমূহে চুক্তিভিত্তিতে লোকবল নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রম নং	পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী)	পদ সংখ্যা	নিয়োগের ধরন	বয়স ৩০/০৬/২০২৬ পর্যন্ত	শিক্ষাগত যোগ্যতা
০১.	ডেন্টাল সার্জন মাসিক সর্বসাকুল্যে ৩২,০০০/-	০১ জন	চুক্তিভিত্তিক	অনূর্ধ্ব ৩২ বৎসর	বিডিএস ডিগ্রিধারী এবং বিএমডিসি রেজিস্ট্রেশনপ্রাপ্ত।
০২.	ডেন্টাল টেকনোলজিস্ট মাসিক সর্বসাকুল্যে ১৪,০০০/-	০১ জন	চুক্তিভিত্তিক	অনূর্ধ্ব ৩২ বৎসর	সরকারী স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠান হতে ০৩ (তিন) বৎসর মেয়াদি ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি (ডেন্টাল)।

শর্তাবলী :

- আগ্রহী প্রার্থীদের নির্ধারিত চাকরির আবেদন ফরমে পূরণকৃত দরখাস্ত আগামী ৩০ জুন, ২০২৬ তারিখের মধ্যে সদস্য সচিব, উত্তরা ইপিজেড মেডিকেল সেন্টার, উত্তরা ইপিজেড, নীলফামারী-৫৩০০ বরাবর অফিস চলাকালীন সময়ে পৌঁছাতে হবে। অত্র অফিসে সরাসরি কোন দরখাস্ত গ্রহণ করা হবে না। উল্লিখিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্রসমূহ বাতিল বলে গণ্য হবে। আবেদন ফরমের নমুনা বেপজার ওয়েবসাইট www.bepza.gov.bd/download-forms থেকে ডাউনলোড করা যাবে।
- অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।
- দরখাস্তের খামের উপর আবেদনকৃত পদের নাম ও নিজ জেলার নাম স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।
- চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- আবেদনপত্রের সাথে উত্তরা ইপিজেড মেডিকেল সেন্টার ট্রাস্টি বোর্ডের অনুকূলে নিম্নোক্ত ব্যাংক হিসাবে যেকোনো তফসিলি ব্যাংক হতে ডেন্টাল সার্জন পদের জন্য ২০০/- (দুই শত) ও ডেন্টাল টেকনোলজিস্ট পদের জন্য ১৫০/- (একশত পঞ্চাশ) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে।
ক) হিসাবের নাম: Uttara EPZ Medical Centre Trustee Board
খ) হিসাব নম্বর: 161.120.0000412
গ) ঠিকানা: ডাচ-বাংলা ব্যাংক পিএলসি, সৈয়দপুর শাখা, নীলফামারী।
- দরখাস্তের সহিত নিম্নলিখিত কাগজপত্র দাখিল করতে হবে।
ক. ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র।
খ. ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সদা তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।
গ. ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
ঘ. স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কমিশনার/পৌরসভার পৌর মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
ঙ. ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের ফটোকপি। প্রযোজ্য ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের কপি যৌক্তিক সময়ে কর্তৃপক্ষ বরাবর দাখিল করতে হবে।
চ. অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে)।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা লিখিত/মৌখিক পরীক্ষার কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না। দরখাস্তের সাথে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরত দেওয়া হবে না।
- প্রার্থীকে লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- নির্বাচনী পরীক্ষা, সাক্ষাৎকারের তারিখ ও সময় পত্র মারফত এবং ক্ষুদ্রে বার্তার মাধ্যমে জানানো হবে। কোন তদবির বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

স্বা:

জাহিরুল ইসলাম খান

পরিচালক (শিল্প সম্পর্ক)

ও

সদস্য সচিব

উত্তরা ইপিজেড মেডিকেল সেন্টার ট্রাস্টি বোর্ড

উত্তরা ইপিজেড, সংগলশী, নীলফামারী।

ফোন: +৮৮-০২-৫৮৯৯৬০৩০৮।

স-১০১৪ (৬×৪)